

বাংলার জল বাংলার মাটি

মমতা চৌধুরী

ওগো, আমার বাংলার মাটি,
আমার জন্মভূমি,
শতকোটি চুম্বনে রাংগাই
তোমার চরন দু'খানি
এ যেন মোর প্রিয়ার উষ- অধরের
প্রেমময় মধুরিমার আবেশখনি
পৃথিবীর অহংকার, তুমিই আমার জমিন ভূমি ॥

মর্তে স্বর্গবোধ তুমি,
আমার চেতনায়
তোমার নিত্য চলাচল
মোর ভাবের সীমানায়,
তব বিদ্যুৎ পরশে সঞ্চারিত প্রাণ
প্রতি পরশে, যেন নব নব সাজে
ঘন নীল মেঘপুঞ্জ মোর কামনায় ॥

বাংলা, তুমি আমার দুর্বীর স্বাধীনতার স্পৃহা,
আমার প্রতি লহিত কণায় স্পঞ্জিত স্পর্ধিত
বেঁচে থাকার অর্ণিবান শিখা।
তোমায় পাওয়ার অজুত বাসনায়,
মূহু মূহু মেঘমল্লার রাগে বাংকৃত,
সীমানা হারানো সীমানা -
লাল সবুজের বন্যায় ॥

সহস্র বছরের নিষাদ রোদে পুড়ে পুড়ে
অসীম সহিসু-, ভূমি, তুমি
তৃষিত চাতকের মত
চৈত্রের কাঠফাটা জ্যোত্স্নায়
'চোখ গেল' 'চোখ গেল' আর্তস্বরে -
প্রতীক্ষার প্রহর গুন
আমার শাওন মেঘের প্রথম অভিসারে ॥

আমি তাই বাংলার জল হয়ে
অঝোর ধারার সিঞ্চনে -
শীতল করি তোমার তপ্ত তনুমন প্রাণ
প্রথম বরষার নবনীত কদম্বের রেণুতে সুবাসে,
প্রকৃতির উজার করা
ভালবাসার অর্ধে -
যুগে যুগে, ক্ষণে ক্ষণে, পলে পলে ॥

অতপরঃ তব শ্যামল কোমল উপ্যতকায়

পদ্মা যমুনা মিশে যাওয়া
একই ধারায়;
স্বপ্ন সৃষ্টির উল্লাস বার্তা লয়ে,
আমাদের স্বপ্নের শিশুরা দোলে
প্রতি শস্যের দানায় দানায়
চন্দ্র সূর্যের মিঠে আদরের বন্যায় ॥

মোর বিজয় পতাকা উড্ডীন, বাংলা,
প্রদীপ্ত মার্চের টগবগে রক্তস্রোতে -
তব দেবপ্রী অংগজুড়ে
মোর ভালবাসার অপার অহংকারে।
প্রতি প্রহরে বুনেছি মোরা, নিভূতে যতনে -
মুক্তির কথকতার এক নীল নক্সীকাঁথা -
মোদের বিজয়ের অপরূপ স্মৃতিগাঁথার দেউলে ॥

আমার ভুবন, তুমি, উর্বর মৃত্তিকা,
বর্গী এসেছে বার বার তবু ছিনিয়ে নিতে পারেনি
এক কণাও ঐশ্বর্য তোমার!
তাই বুঝি এত প্রশান্তি
তোমার পরশের প্রতি কণায় -
অবিরল ধারা হয়ে ঝড়ে পরি আমি
তব বন্ধের কোমল আঙ্গিনায় ॥

আমি তোমার গহীন ব্যথায় উদ্বেলিত,
হৃদয়ের অশ্রুবিন্দুর হিরক কণা -
অরুন্ধতি হয়ে জেগে রই সারারাত সুন্দর তব নয়ন তারায়।
হিংস্র ঘাতকের আঘাতে বিদীর্ণ মোরা ক্ষণে ক্ষণে
তবুও ফিরে ফিরে আসব আমি,
অনন্তকাল ধরে, ওগো বাংলা,
জল রঙ্গে লেখা তোমার আমার নামহারা
বাঁধনে ॥

২৬শে মার্চ, ২০০৯